

# হজ নিয়ে দুর্নীতি বন্ধে দুদকের ফের অভিযান

(অভিযানের তারিখ: ০৯ জুলাই, ২০১৮ খ্রি:)

কতিপয় অসাধু হজ এজেন্সি, ট্রাভেল এজেন্ট এবং জনশক্তিমন্ত্রণালয় ও ধর্মমন্ত্রণালয়ের দুর্নীতিপরায়ন কর্মকর্তাদের মধ্যে সিন্ডিকেশনের মাধ্যমে হজযাত্রীদের হয়রানি এবং অবৈধ মানব পাচার কাজে জড়িত থাকার অভিযোগের ঘটনা প্রতিরোধের লক্ষ্যে দুদকের একটি এনফোর্সমেন্ট টিম আজ (০৯/০৭/২০১৮) রাজধানীর বিজয়নগরে কয়েকটি হজ এজেন্সিতে আকস্মিক অভিযান চালায়। অভিযানে বিজয়নগরের আলরাজী কমপ্লেক্সের সপ্তম তলায় অবস্থিত এহসান ট্রাভেলস এর মালিক জনাব সাইফুল ইসলামসহ উপস্থিত ব্যক্তিদের জিজ্ঞাসাবাদ করা হয় এবং হজের প্যাকেজ মূল্য, হজযাত্রীদের সুযোগ-সুবিধা এবং চুক্তির অন্যান্য শর্ত যথাযথভাবে বাস্তবায়ন সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়। উপস্থিত হজযাত্রীরা জানান, দুদকের অভিযান এবং মনিটরিং-এ তাঁরা অত্যন্ত সন্তুষ্ট এবং এর ফলে এজেন্সিরা অতিরিক্ত টাকা দাবী করার সুযোগ পাচ্ছেনা। দুদক টিম হজযাত্রীদের কে প্যাকেজের নির্ধারিত টাকার বাইরে টাকা না দেয়ার পরামর্শ দেন।

এ দিকে দুদক টিমের উপস্থিতি টের পেয়ে একটি হজ এজেন্সির লোকজন অফিস থেকে পালিয়ে যায়। অভিযান কালেই স্টেপেন্ড এয়ার, শরীফ এয়ার সার্ভিস লি. ও আলগাজী ট্রাভেলস লি. -এ অনুরূপ অভিযান পরিচালনা করে প্রত্যেকের কাগজপত্র পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করা হয়। দুদকের এ অভিযানকে স্বাগত জানিয়ে বৈধ হজএজেন্সিসমূহ গভীর সন্তোষ প্রকাশ করে এবং আশাবাদ ব্যক্ত করে যে, এ তৎপরতা অব্যাহত থাকলে অবৈধ হজ এজেন্সির অসাধুকার্যক্রম বন্ধ হয়ে যাবে।

এ অভিযান পরিচালনা প্রসঙ্গে এনফোর্সমেন্ট অভিযানের সমন্বয়কারী দুদকের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মদ মুনীর চৌধুরী জানান, জনগন হজ নিয়ে দুর্নীতি বন্ধে দুদকের হস্তক্ষেপ চায়, এ লক্ষ্যে এ অভিযান চলছে, এবং পর্যায়ক্রমে প্রতিটি হজ এজেন্সির কার্যক্রম মনিটরিং করা হবে।